# ‘লোক ও কারুশিল্প উদ্যোক্তা পুরস্কার নীতিমালা ২০২১’

## ১. শিরোনাম

এ নীতিমালা ‘‘লোক ও কারুশিল্প উদ্যোক্তা পুরস্কার নীতিমালা ২০২১’ নামে অভিহিত হবে।

## ২. পটভূমি

কারুশিল্পীগণ কর্তৃক উৎপাদিত পণ্য উন্নয়ন ও বিপণনে সহায়তার মাধ্যমে এ শিল্পের সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী উদ্যেক্তাদের পুরস্কৃত করার মাধ্যমে উৎসাহিত করার লক্ষ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো।

## ৩. সংজ্ঞা

(ক) বালোকাফা বলতে বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনকে বুঝাবে;

(খ) উদ্যোক্তা বলতে লোক ও কারুশিল্প পণ্য তৈরি, উন্নয়ন, প্রচার ও বিপণনের মাধ্যমে জীবিকা নির্বাহ করেন এমন কাউকে বুঝাবে।

(গ) লোক ও কারু পণ্য বলতে নকশি কাথাঁ, শিতল পাটি, শখের হাড়ি, বাশঁ-বেতের তৈজসপত্র বা মাছ ধরার সরঞ্জাম, শোলাশিল্পজাত পণ্য, তাতঁ বস্ত্র (জামদানী), তামা-কাসাঁ-পিতলের কারুকাজ সমৃদ্ধ পন্য, ক্ষুদ্র-নৃগোষ্ঠী কর্তৃক প্রস্তুতকৃত বস্ত্র, মৃৎশিল্পসামগ্রী, পাটজাতদ্রব্য ইত্যাদিকে বুঝাবে।

## ৪. বাস্তবায়নকারী কর্তৃপক্ষ

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন।

## ৫. পুরস্কারের বিবরণ

(১) ২ (দুই) জন উদ্যোক্তাকে পুরস্কার প্রদান করা হবে।

(২) পুরস্কারের জন্য নির্বাচিত দুইজন উদ্যোক্তার প্রত্যেককে এক লক্ষ টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র প্রদান করা হবে।

## ৬. পুরস্কারের জন্য আবেদন করার যোগ্যতা

(১) আবেদনকারী বাংলাদেশের নাগরিক হতে হবে;

(২) কারুপণ্যের মান ও ডিজাইন উন্নয়ন, পরিবেশবান্ধব এবং দেশিয় কাচাঁমালে তৈরি পণ্য দেশে-বিদেশে বিপণন ও প্রচারে অবদান থাকতে হবে;

(৩) জিআই পণ্য ব্যতীত অন্যান্য পণ্যগুলোকে শুধুমাত্র পুরস্কারের জন্য বিবেচনায় নেওয়া হবে;

(৪) পণ্য উৎপাদনকারীকে মেধা স্বত্বের বিষয়টি নিশ্চিত করতে হবে;

(৫) একবার পুরস্কার প্রাপ্ত হলে পরবর্তী ৫ বছর তিনি আর পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

## ৭. আবেদন আহ্বান ও বাছাই

(১) বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন প্রতিবছর আগস্ট মাসে বহুল প্রচলিত দুইটি জাতীয় বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রদানের মাধ্যমে পুরস্কারের জন্য আবেদন আহ্বান করবে। নির্ধারিত আবেদন ফরম (তফসিল-ক) বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের কার্যালয়ে এবং ওয়েবসাইটে পাওয়া যাবে। বিজ্ঞপ্তিটি একইসাথে ফাউন্ডেশন ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৩) আবেদন ফরমে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ বরাবর সরাসরি/অনলাইনে/ডাকযোগে দাখিল করতে হবে;

(৪) লোক ও কারুশিল্প তৈরিতে জাতীয় ও আন্তর্জাতিক সম্মাননা বা স্বীকৃতি পেয়ে থাকলে কিংবা বিশেষ অর্জন থাকলে তার প্রমাণাদি আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে;

(৫) অসত্য তথ্য প্রদান করে পদক প্রাপ্তির জন্য আবেদন করা করা হলে আবেদন বাতিল বলে গণ্য হবে ।

## ৮. মনোনয়ন কমিটি

উদ্যোক্তা পুরস্কার প্রদানের জন্য প্রাপ্ত আবেদনসমূহ বাছাই ও মনোনয়নের জন্য নিম্নরূপভাবে একটি 'মনোনয়ন কমিটি' থাকবে এবং কমিটি প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কোন ব্যক্তিকে কো-অপ্ট করতে পারবে:

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সভাপতি |
| ২) ডিন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৩) বিসিক এর প্রতিনিধি (চেয়ারম্যান, বিসিক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪) বাংলাদেশ কারুশিল্প পরিষদ এর প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫) এসএমই ফাউন্ডেশন এর প্রতিনিধি (ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৬) পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন | সদস্য সচিব |

## ৯. কমিটির কার্যপরিধি

কমিটি পুরস্কার প্রদানের লক্ষ্যে পণ্য উন্নয়ন, বাজারজাতকরণ, কর্মসংস্থান, কারুপণ্যের রপ্তানী, প্রচারে উদ্যোক্তাদের অবদান বিবেচনা করে তফশিল-খ তে উল্লিখিত মানদন্ডের ভিত্তিতে মূল্যায়ন করে দুইজন লোক ও কারুশিল্প উদ্যোক্তাকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করবে।

## ১০. 'উদ্যোক্তা পুরস্কার' প্রদান তহবিল

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন আইন, ১৯৯৮ এর ধারা-৯ ধারায় গঠিত তহবিল হতে এ পুরস্কার প্রদানের যাবতীয় ব্যয়ভার বহন করা হবে।

## ১১. নীতিমালার সংশোধন

প্রয়োজনে পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে এ নীতিমালা সংশোধন/হালনাগাদ করা যাবে।

**তফশিল-ক**

## লোক ও কারুশিল্প উদ্যেক্তা পুরস্কার

আবেদন ফরম

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | প্রতিষ্ঠান/উদোক্তার নাম | | | |
| ২ | জাতীয় পরিচয় পত্র নম্বর<br>(উদ্যোক্তার ক্ষেত্রে) | | | |
| ৩ | উদ্যোক্তার শিক্ষাগত যোগ্যতা | | | |
| ৪ | মোবাইল নম্বর | | | |
| ৫ | ট্রেড লাইসেন্স নম্বর<br>ই-মেইল<br>ওয়েব সাইট | | | |
| ৬ | প্রতিষ্ঠানের ব্যবসায়িক ঠিকানা | | | |
| ৭ | TIN<br>ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর<br>(প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| ৮ | উৎপাদিত/ ব্যবসায়কৃত প্রধান পণ্যসমুহের সংক্ষিপ্ত বিবরণ (অনধিক ২৫ শব্দ) | | | |
| ৯ | কোন কারুশিল্প সমিতি/ ট্রেড এ্যাসোসিয়েশন সাথে সম্পৃক্ত কি না? | ☐ হ্যাঁ ☐ না<br>উত্তর হ্যাঁ হলে, এ্যাসোসিয়েশনের নাম: | | |
| ১০ | কারুশিল্প ব্যবসায় কার্যক্রম শুরুর তারিখ ও কর্মকাল (বছর)<br>(ট্রেড লাইসেন্স অনুযায়ী) | | | |
| ১১ | বার্ষিক টার্নওভার/বিক্রয় এর পরিমাণ (টাকা - গত ৩ বছরের গড়) | | | |
| ১২ | পরিশোধিত আয়কর, মূল্য সংযোজন কর ও শুল্ক (গত ৩ বছরের মোট টাকা) | __________অর্থবছর | __________<br>অর্থবছর | __________<br>অর্থবছর |
| ১৩ | বিগত ৩ বছরে বিনিয়োগের পরিমান | __________<br>অর্থবছর | __________<br>অর্থবছর | __________<br>অর্থবছর |
| ১৪ | দেশীয় কাচাঁমালের ব্যবহার | ☐ সম্পূর্ণ দেশিয়<br>☐ দেশিয় ও আমদানীকৃত (দেশিয় ___% শতাংশ, | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আমদানী ___%) | | |
| ১৫ | নিয়োজিত সার্বক্ষনিক নিয়োজিত কর্মীর সংখ্যা | | | |
| ১৬ | গত ৩ বছর কারুপণ্য রপ্তানীর পরিমাণ (টাকা) [প্রযোজ্য ক্ষেত্রে] | ________ অর্থবছর | ________ অর্থবছর | ________ অর্থবছর |
| | | | | |
| ১৭ | কর্মীদের দক্ষতা উন্নয়নে গৃহীত পদক্ষেপ (অনধিক ৫০ শব্দ) | | | |
| ১৯ | প্রতিষ্ঠানে উৎপাদিত পণ্য পরিবেশ-বান্ধব কি না? উত্তর হ্যাঁ হলে উৎপাদান পরিবেশ সংরক্ষনে গৃহীত ব্যবস্থা ? (অনধিক ৫০ শব্দ) | | | |
| ২০ | গত ৩ বছরে পণ্য উন্নয়নের বিবরণ [ডিজাইন, মোড়ক, ব্যবহার সংযোজনে (functionality) উদ্ভাবনী উদ্যোগের বিবরণ (অনধিক ৫০ শব্দ] | | | |
| ২০ | উদ্যোক্তা হিসেবে অন্য কোন পুরস্কার/ সম্মাননা পেয়েছেন কি? | ☐ হ্যাঁ ☐ না | | |
| | | উত্তর হ্যাঁ হলে, প্রাপ্ত পুরস্কার, প্রাপ্তির তারিখ ও প্রদানকারী সংস্থার নাম: | | |

আমি এই মর্মে অংগীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যসমূহ সম্পূর্ণ সত্য এবং এর কোনো অংশ ভুল প্রমাণিত হলে সরকার কর্তৃক গৃহীত যে কোন শাস্তিমূলক ব্যবস্থা মেনে নিতে বাধ্য থাকব।

(আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ)

সংযুক্ত করুন

- ২ কপি রঙিন ছবি
- ট্রেড লাইসেন্সের ফটোকপি
- টিন ও ভ্যাট রেজিস্ট্রেশনের কপি
- বার্ষিক বিক্রয়, আয়কর, ভ্যাট ও শুল্ক পরিশোধ, বিনিয়োগ, দেশীয় কাচাঁমাল ব্যবহার, কর্মস্থান, রপ্তানিসহ সকল, পরিবেশ রক্ষায় গৃহীত ব্যবস্থা, পণ্যের উন্নয়নে এবং অন্যান্য পুরস্কার ও সম্মাননা প্রাপ্তির প্রমাণক (সনদ, ছবি, অর্থ পরিশোধের রিসিটসহ সংশ্লিষ্ট ডকুমেন্ট)

**তফশিল-খ**

কারুপন্য উদ্যোক্তা মূল্যায়ন ছক

ব্যক্তি/ প্রতিষ্ঠান এর নাম: ____________________________

| ক্রমিক | নির্ণায়ক | মোট পয়েন্ট | প্রাপ্ত পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | কারশিল্প উদ্যোক্তা হিসেবে কর্মকাল (বছর) | ১০ | | প্রতি বছরের জন্য ১ পয়েন্ট হিসেবে। |
| ২ | বার্ষিক টার্নওভার/বিক্রয় (টাকা – শেষ ৩ বছরের গড়) | ১০ | | প্রতি লক্ষ টাকার জন্য ০.২ তবে সর্বোচ্চ ১০ |
| ৩ | পরিশোধিত আয়কর, মূল্য সংযোজন কর ও শুল্ক (৩ বছরের মোট টাকা) | ৫ | | প্রতি লক্ষ টাকার জন্য ০.১ তবে সর্বোচ্চ ৫ পয়েন্ট |
| ৪ | বিগত ৩ বছরে বিনিয়োগের পরিমাণ (শেষ ৩ বছরের মোট টাকা) | ১০ | | প্রতি লক্ষ টাকার জন্য ০.১ পয়েন্ট হারে তবে সর্বো্চ্চ পয়েন্ট হবে ১০ |
| ৫ | দেশীয় কাঁচামাল ব্যবহার হার (শতাংশ) | ১০ | | ৬০% এর বেশি হলে ৫<br>৫০% এর বেশি হলে ৩<br>৫০% এর কম হলে ০ |
| ৬ | কর্মসংস্থান (সংখ্যা) | ১০ | | মোট ফুল-টাইম কর্মী সংখ্যা প্রতি ০.১ পয়েন্ট তবে সর্বোচ্চ ১০। |
| ৭ | রপ্তানির পরিমান (৩ বছরের গড় টাকা) | ১০ | | প্রতি লক্ষ টাকার জন্য ০.১ তবে সর্বোচ্চ ৫ পয়েন্ট |
| ৯ | পরিবেশ সংরক্ষণে গৃহীত পদক্ষেপ | ১০ | | দাখিলকৃত প্রমানক এর ভিত্তিতে (প্রযোজ্য ক্ষেত্রে কাগজপত্র যাচাই ও মূল্যায়ন কমিটির সাইট ভিজিটের ভিত্তিতে |
| ১০ | কর্মীদের দক্ষতা উন্নয়নে গৃহীত পদক্ষেপ | ১০ | | |
| ১১ | পণ্য উন্নয়ন (ডিজাইন, মোড়ক, ব্যবহার সংযোজন (functionality) | ১০ | | |
| ১২ | উদ্যোক্তা হিসেবে পূর্বে প্রাপ্ত সম্মাননা ও পুরস্কার | ৫ | | |
| | মোট | ১০০ | | |